গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা, খুলনা।

অক্টোবর/২০১৬ মাসে অনুষ্ঠিত পাইকগাছা উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | নাহিদ-উল-মোস্তাক, উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা। |
| স্হান | ঃ | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ। |
| তারিখ | ঃ | ২০/১০/২০১৬খ্রিঃ রোজ বৃহস্পতিবার। |
| সময় | ঃ | সকাল ১১.০০টা। |
| উপস্হিত সদস্যবৃন্দঃ | | পরিশিষ্ট ''ক''। |

উপস্হিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সভায় পাঠ ও পর্যালোচনা করা হয়। উপজেলা পর্যায়ে ইনোভেশন আইডিয়া এবং টিমের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | বিগত সভার কার্যবিবরণী পাঠ এবং অনুমোদন | বিগত কয়েক মাস যাবত ইনোভেশন টিমের কোন সভা হয়নি। | এখন থেকে নিয়মিতভাবে উপজেলা ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হবে। | উপজেলা ইনোভেশন অফিসার। |
| ০২। | বিগত সভার সিদ্ধান্ত বায়ন অগ্রগতি | বিগত কয়েক মাস যাবত ইনোভেশন টিমের কোন সভা অনুষ্ঠিত হয়নি। | ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত অনুষ্ঠিত হবে। | উপজেলা ইনোভেশন অফিসার |
| ০৩। | উপজেলা ইনোভেশন টিমের কার্যক্রম | সভাপতি বলেন যে, উপজেলা ইনোভেশন টিমের কার্যক্রম অধিকতর গতিশীল করার লক্ষ্যে উপজেলা ইনোভেশন টিম পুনর্গঠন করা প্রয়োজন। উপস্হিত সদস্যগণ এবিষয়ে একমত পোষণ করেন। | উপজেলা ইনোভেশন টিমের কার্যক্রম অধিকতর গতিশীল করার লক্ষ্যে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হ'লঃ-<br>১.উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা-- ইনোভেশন অফিসার<br>২.সহকারী কমিশনার(ভূমি) -- সদস্য<br>৩.উপজেলা কৃষি অফিসার-- সদস্য<br>৪.সিঃউপজেলা মৎস্য অফিসার-- সদস্য<br>৫.উপজেলা সমাজ সেবা অফিসার-- সদস্য<br>৬.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-সদস্য<br>৭.উপজেলা যুব উন্নয়ন অফিসার-- সদস্য | ইনোভেশন টিমের সদস্যগণ। |
| ০৪। | নাগরিক সেবায় উদ্ভাবন ও ইনোভেশন উদ্যোগ গ্রহণ | মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত One Office One Idea'র কর্মসূচী গ্রহণ করে জানাতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত One Office One Idea'র কর্মসূচীর আওতায় অতি সত্বর আইডিয়া গ্রহণ করে আগামী সভায় এক বা একাধিক Idea আগামী সভায় দাখিল করতে অনুরোধ করা হ'ল। | ইনোভেশন টিমের সদস্যগণ এবং বিভিন্ন অফিস প্রধান। |
| ০৫। | উপজেলা ইনোভেশন সার্কেল আয়োজন | বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী উপজেলা পর্যায়ে ইনোভেশন সার্কেল আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। | এ উপজেলায় শীঘ্রই ইনোভেশন সার্কেল আয়োজন করা হবে। | ইনোভেশন টিমের সদস্যগণ এবং বিভিন্ন অফিস প্রধান। |
| ০৬। | ইনোভেশন পাইলট প্রকল্প/উদ্যোগসমূহ পরিদর্শন ও ক্যাসকেডিং সভা | উপজেলার বিভিন্ন বিভাগ থেকে ইনোভেশন প্রকল্প দাখিল এবং প্রতি মাসে এসংক্রান্ত ক্যাসকেডিং (অবহিতকরণ) সভার মাধ্যমে নতুন উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | সুবিধাজনক সময়ে ক্যাসকেডিং (অবহিতকরণ) সভা করতে হবে এবং যথারীতি তথ্যাদি জেলায় প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যগণ। |
| ০৭। | খুলনা জেলা ভিক্ষুক মুক্তকরণ ও তাদের পুনর্বাসন কর্মসূচী | বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের উদ্ভাবনী উদ্যোগ 'ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্হান ও পুনর্বাসন কর্মসূচী' গ্রহণ করা প্রয়োজন। | খুলনা জেলাকে 'ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্হান ও পুনর্বাসন কর্মসূচী' বাস্তবায়নে ভিক্ষুকদেও তালিকা পুনরায় যাচাই বাছাই কাজ চলছে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যগণ মেয়র এবং সকল ইউপি চেয়ারম্যান। |

০৫.৪৪.৪৭৬৪.০১.৩৩৩.৩০১.৭৪-



| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮। | ইনোভেশন কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়নঃ | উপজেলা ইনোভেশন টিমের এবং উপজেলা ভূমি অফিসের জন্য প্রণীত ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা ও মূল্যায়ন নিয়ে সভায় আলোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সকল দপ্তরে বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ইনোভেশন টিমের এবং উপজেলা ভূমি অফিসের জন্য প্রণীত ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি আগামী সভায় জানাতে হবে। | সহকারী কমিশনার(ভূমি) ও ইনোভেশন টিমের সদস্যগণ। |
| ০৯। | ফেসবুক লাইভ লাইভ অনুষ্ঠানে ইনোভেশন সংক্রান্ত বিভাগীয় কমিশনার মহোদয়ের নির্দেশনা | ফেসবুক লাইভ লাইভ অনুষ্ঠানে ইনোভেশন সংক্রান্তে বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের নির্দেশনা সম্পর্কে সভায় আলোচনা করা হয়। এবিষয়ে উল্লেখযোগ্য নির্দেশনা নিম্নরূপঃ-<br>*অন্যান্য বিভাগের ইনোভেশন কার্যক্রমএর পাশাপাশি নিজ অফিসের ইনোভেশন করতে হবে।<br>*প্রতি মাসে ইনোভেশন পরিদর্শন ও মনিটরিং শেষে কার্যক্রম সম্পর্কে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | ফেস বুক লাইভ লাইভ অনুষ্ঠানে ইনোভেশন সংক্রান্তে বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন করতে হবে। | সহকারী কমিশনার(ভূমি) ও ইনোভেশন টিমের সদস্যগণ। |
| ১০। | বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, এ উপজেলা পরিষদের মূল ভবনের নীচতলার একটি কক্ষে উপজেলা ডিজিটাল সেন্টার স্হাপন করা হয়েছে যা বিগত ২৯/০৯/২০১৬খ্রিঃ তারিখ জেলা প্রশাসক, খুলনা মহোদয় কর্তৃক শুভ উদ্বোধন করা হয়েছে। উক্ত ডিজিটাল সেন্টারে একজন পুরুষ ও একজন মহিলা উদ্যোক্তা নিয়মিত নাগরিকদের বিভিন্ন সেবা দিয়ে থাকেন।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের পক্ষ থেকে নাগরিক সেবার অংশ হিসেবে উপজেলা পরিষদের সামনে সুবিধাজনক স্হানে একটি পত্রিকা কর্ণার থাকবে যেখানে একটি দৈনিক জাতীয় পত্রিকা' প্রদর্শন করা হবে। প্রতিদিনের দৈনিক পত্রিকার খবর আগ্রহী পাঠকগণ পড়তে পারবেন। উক্ত প্রস্তাবে উপস্হিত সকলে একমত পোষণ করেন।<br>(গ) 'নাগরিক সেবায় উদ্ভাবন কাজে সাফল্যের জন্য বিভাগীয় কমিশনার স্বর্ণপদক, রৌপ্যপদক, তাম্রপদক এবং সন্মাননা প্রদান' বিষয়ে বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের কার্যালয়ের ০২/০৮-২০১৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০৯.২৯.০১৫.১৬-২৬৬নং স্মারকপত্রটি সভায় পাঠ করা হয় এবং বিভাগীয় কমিশনার পদক প্রাপ্তির জন্য করণীয় বিষয়ে আলোচনা করা হয়। একইভাবে সন্মানিত জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের দপ্তর হতে পরবর্তী বছরে নাগরিক সেবা নিশ্চিতকরনে শ্রেষ্ঠ কর্মকর্তা, উদ্যোক্তা ও জনপ্রতিনিধিকে পুরস্কার প্রদানের ঘোষণা করা হয়েছে যা সন্মানিত সকল সদস্যকে বিষয়গুলো বিস্তারিত জানানো হয়। | (ক) ইনোভেশন টিমের সদস্যগণ এবং জনপ্রতিনিধিগণ বিষয়টি সকলের জ্ঞাতার্থে প্রচার করবেন।<br>.<br>(খ) নাগরিক সেবার অংশ হিসেবে উপজেলা পরিষদের সামনে সুবিধাজনক স্হানে একটি পত্রিকা কর্ণার থাকবে যেখানে একটি দৈনিক জাতীয় পত্রিকা' নিয়মিতভাবে প্রদর্শন করা হবে।<br>(গ) অত্র উপজেলায় গৃহীত উদ্ভাবনী উদ্যোগ/কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। একই সাথে যারা উক্ত সন্মাননা পাওয়ার যোগ্য ও আগ্রহী তাদেরকে নির্দিষ্ট ফরমে আবেদন করার জন্য অনুরোধ করা হ'ল। | ক) ইনোভেশন টিমের সদস্যগণ এবং সকল ইউপি চেয়ারম্যান।<br>খ) উপজেলা ইনোভেশন অফিসার, পাইকগাছা।<br>(গ) উপজেলা ইনোভেশন টিমের সকল সদস্য। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্হিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০/১০/২০১৬

নাহিদ-উল-মোস্তাক<br>
উপজেলা নির্বাহী অফিসার<br>
পাইকগাছা, খুলনা।